



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা
ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-৭১

মুজিববর্ষের উপহার
ক্ষুদ্র অর্থায়নে দারিদ্র্য মুক্তির অঙ্গীকার

তারিখ: ০২ আষাঢ় ১৪২৯
১৬ জুন ২০২২

প্রধান নির্বাহী কর্মকর্তা
সনদ প্রাপ্ত ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠান (সকল)

বিষয়ঃ ঋণক্ষয় সঞ্চিতি সংরক্ষণ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কোডিড-১৯ পরিস্থিতির উন্নতি হওয়ায় ৩০ জুন ২০২২ ভিত্তিক ঋণক্ষয় সঞ্চিতি হিসাবায়ন মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধামালা, ২০১০ এর বিধি ৪৪(২) অনুযায়ী সংরক্ষণের নির্দেশনা দেয়া হলো। তবে ক্ষুদ্রখণ্ড সেক্টরে কোডিড-১৯ উভ্রূত নেতিবাচক প্রভাব কিছুটা বিদ্যমান থাকায় ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠান ও তাদের গ্রাহক স্বার্থ রক্ষার্থে কেবল মার্চ ২০২০ পরবর্তী সময়ে খেলাদী হওয়া ঋণের ক্ষেত্রে সন্দেহজনক ঋণের উপর ন্যূনতম ২৫% এবং মন্দখণ্ডের উপর ন্যূনতম ৩৫% ঋণক্ষয় সঞ্চিতি সংরক্ষণ করা যাবে। এছাড়া ৩০ জুন ২০২২ ভিত্তিক ঋণক্ষয় সঞ্চিতির পরিমাণ এমআরএ/সার্কুলার লেটার- ৬৯ মোতাবেক ৩১ ডিসেম্বর ২০২১ ভিত্তিক সংরক্ষিত ঋণক্ষয় সঞ্চিতি অপেক্ষা কর হবে না।

- ২। মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ৪৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- ৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিষ্পল,
 ১৬/৬/২২

(মোঃ মিজনুর রহমান)

পরিচালক

ফোনঃ ৮৩৩২২৭৮

ই-মেইলঃ director.lcregu@mra.gov.bd

নম্বর-৫৩.০৮.০০০০.২১.২২.০০৩.২২- ২২৮৭

তারিখঃ ০২ আষাঢ় ১৪২৯
১৬ জুন ২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- (১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- (২) মহাপরিচালক, এনজিও বিষয়ক বুরো, আগারগাঁও, ঢাকা।
- (৩) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- (৪) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইক্সটন গার্ডেন রোড, ঢাকা।
- (৫) রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জেনেরেল স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
- (৬) গভর্নর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৬/৬/২২
(মোহাম্মদ কামাল হোসেন)

উপপরিচালক